গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

স্মারক নং-০৫.৫৫.৩২৯১.০২২.০৩.০০১.১৫(অংশ-৩)- ২৫৩

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

**২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ মো: তরিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।
তারিখ ঃ ১৪ মার্চ ২০২৪ খ্রি:
সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় । মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য উল্লেখ করতে গিয়ে সভাপতি বলেন, স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠায় অবিসংবাদিত মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ২৩ বছরের আন্দোলন-সংগ্রামের দীর্ঘ পথ পাড়ি দিয়ে ২৬ মার্চ ১৯৭১ তাঁর স্বাধীনতার আহবানে সূচনা হয় মুক্তিকামী বাঙ্গালী জাতির সশস্ত্র মুক্তিযুদ্ধ। ৩০ লক্ষ তাজা প্রাণের রক্তের বিনিময়ে এবং ২ লক্ষ মা-বোনের সম্ভ্রমের বিনিময়ে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তান হানাদার বাহিনীকে আত্মসমর্পণে বাধ্য করার মধ্য দিয়ে অকুতোভয় বাঙ্গলী জাতি অর্জন করে লাল সবুজের পতাকা ও স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। অতঃপর মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন সংক্রান্ত সরকারি নির্দেশনাবলী সভায় পাঠ করে শোনানো হয়। সরকারি নির্দেশনা ও জেলা প্রশাসনের গৃহিত কর্মসূচির সাথে সংগতি রেখে উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে সুন্দরগঞ্জ উপজেলায় স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায়, আনন্দঘন পরিবেশে উদ্‌যাপনের নিমিত্ত সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ হয়।

**২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠানমালা**

| সময় | গৃহীত কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| সূর্যোদয়ের সাথে সাথে | ৩১বার তোপধ্বনীর মাধ্যমে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সূচনা। | কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গণ | সংশ্লিষ্ট উপ-কমিটি এবং অফিসার ইনচার্জ |
| সূর্যোদয়ের সাথে সাথে | আনুষ্ঠানিকভাবে বীর শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন | কেন্দ্রীয় শহিদ মিনার | সংশ্লিষ্ট উপ কমিটি |
| সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি,আধাসরকারি এবং স্বায়ত্বশাসিত অফিস/ প্রতিষ্ঠান/ ভবনে জাতীয় পতাকা উত্তোলন । | স্ব-স্ব- ভবন ও অফিস/প্রতিষ্ঠান | স্ব-স্ব মালিক, অফিস ও প্রতিষ্ঠান প্রধান |
| সকাল ৯.০০ ঘটিকা | আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, পুলিশ, আনসার, স্কাউটস, গার্লস গাইডস, স্কুল, কলেজ ও মাদরাসার ছাত্র/ছাত্রীদের কুচকাওয়াজ । | স্থান: সুন্দরগঞ্জ আব্দুল মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠ। | সংশ্লিষ্ট উপ কমিটি |
| সকাল ১০.০০ ঘটিকা | উপস্থিত সুধিবৃন্দের খেলা ও পুরস্কার বিতরণী<br>১) মহিলাদের চেয়ার খেলা<br>২) পুরুষদের ঝুড়িতে বল নিক্ষেপ | স্থান: সুন্দরগঞ্জ আব্দুল মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠ। | সংশ্লিষ্ট উপ কমিটি |
| বেলা ১১.০০ ঘটিকা | বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের সংবর্ধনা ও "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন" বিষয়ক আলোচনা সভা। | স্থান: সুন্দরগঞ্জ আব্দুল মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠ। | সংশ্লিষ্ট উপ কমিটি |
| বেলা ১.০০ ঘটিকা | হাসপাতাল ও এতিমখানায় উন্নতমানের খাবার পরিবেশন | স্ব-স্ব হাসপাতাল ও এতিমখানা কর্তৃপক্ষ | হাসপাতাল ও এতিমখানা |
| বাদ জোহর/ সুবিধামত সময়ে | জাতির শান্তি ও অগ্রগতি এবং মুক্তিযুদ্ধে বীর শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে মসজিদে বিশেষ দোয়া এবং মন্দির , গির্জা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনা । | স্ব-স্ব মসজিদ ও উপাসনালয় | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সংশ্লিষ্ট ইমাম/পুরোহিতগণ |

২। গৃহীত কর্মসূচি বাস্তায়নে নিম্নরুপ বাস্তবায়ন কমিটি করা হয় ঃ

| কমিটির নাম | সদস্যের নাম পরিচিতি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন কমিটি | ১. মাননীয় সংসদ সদস্য, ২৯, গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ) | উপদেষ্টা |
| | ২.চেয়ারম্যান, উপজেল্য পরিষদ , সুন্দরগঞ্জ, গাইবান্ধা | " |
| | ৩. উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | আহবায়ক |
| | ৪.মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, সুন্দরগঞ্জ | সদস্য |
| | ৫.উপজেলা পর্যায়ের সকল সরকারি কর্মকর্তা, সুন্দরগঞ্জ | " |
| | ৬.অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা | " |
| | ৭. চেয়ারম্যান,, সকল ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ | " |
| | ৮.সকল রাজনৈতিক দল ও অঙ্গ সংগঠনের সভাপতি ও সম্পাদক , সুন্দরগঞ্জ | " |
| | ৯.প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সুন্দরগঞ্জ উপজেলা কমান্ড | " |
| | ১০. উপজেলা সদরের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান | " |
| | ১১.সভাপতি, মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড, সুন্দরগঞ্জ, | " |
| | ১২.সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সুন্দরগঞ্জ | " |
| | ১৩.উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতি, সুন্দরগঞ্জ | " |
| | ১৪.বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি, সুন্দরগঞ্জ | " |
| | ১৫.সভাপতি, দুর্নীতি প্রতিরোধ কমিটি, সুন্দরগঞ্জ উপজেলা | " |
| | ১৬.সভাপতি/সম্পাদক, সুন্দরগঞ্জ প্রেসক্লাব | " |
| | ১৭. সভাপতি/সম্পাদক, উপজেলা প্রেসক্লাব, সুন্দরগঞ্জ | " |
| | ১৮.সভাপতি/সম্পাদক, রিপোর্টার্স ক্লাব, সুন্দরগঞ্জ | " |
| | ১৯.সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ পরিষদ, সুন্দরগঞ্জ | " |
| | ২০.সভাপতি/সম্পাদক, উত্তরাঞ্চল ফেডারেল সাংবাদিক পরিষদ(উফেসাপ), সুন্দরগঞ্জ | " |
| | ২১.সভাপতি/সম্পাদক, বাংলাদেশ মফস্বল সাংবাদিক ফোরাম সুন্দরগঞ্জ | " |
| | ২২.আহবায়ক, নদী বাঁচাও দেশ বাঁচাও আন্দোলন কমিটি, সুন্দরগঞ্জ | " |
| | ২৩.অফিস প্রধান (সকল) এনজিও, সুন্দরগঞ্জ উপজেলা | " |
| | ২৪.সভাপতি/সম্পাদক, ঠিকাদার সমিতি, সুন্দরগঞ্জ | " |
| | ২৫.সভাপতি/সম্পাদক, দলিল লেখক সমিতি, সুন্দরগঞ্জ | " |
| | ২৬.সভাপতি/সম্পাদক, বণিক সমিতি, সুন্দরগঞ্জ | " |
| | ২৭.সভাপতি/সম্পাদক, দোকান মালিক সমিতি, সুন্দরগঞ্জ | " |
| | ২৮.সভাপতি/সম্পাদক, মিল মালিক সমিতি, সুন্দরগঞ্জ | " |
| | ২৯.সভাপতি/সম্পাদক, সার ব্যবসায়ী সমিতি, সুন্দরগঞ্জ | " |
| | ৩০.প্রশাসনিক কর্মকর্তা , ইউএনও অফিস, সুন্দরগঞ্জ | " |
| | ৩১.সহকারী কমিশনার (ভূমি), সুন্দরগঞ্জ | সদস্য সচিব |

৩। উপ-কমিটিসমূহঃ

| | | |
|---|---|---|
| তোপধ্বনী পরিচালনা উপ-কমিটি | ১. অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা | আহবায়ক |
| | ২. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা । | সদস্য |
| | ৩. জনাব মোঃ আব্দুস সামাদ উপসহকারী প্রশাসনিক কর্মকর্তা, ইউএনও অফিস,সুন্দরগঞ্জ | সদস্য |
| | ৪. ষ্টেশন ইনচার্জ, ফায়ার সার্ভিস, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। | সদস্য |
| শহীদ মিনার সজ্জিতকরণ ও পুষ্প স্তবক অর্পণ উপ-কমিটি | ১. উপজেলা প্রকৌশলী, সুন্দরগঞ্জ | আহবায়ক |
| | ২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | সদস্য |
| | ৩. উপজেলা যুব উন্নয়ন অফিসার, সুন্দরগঞ্জ | " |
| | ৪. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার , সুন্দরগঞ্জ | " |
| | ৫. জনাব মোঃ আব্দুস সামাদ উপসহকারী প্রশাসনিক কর্মকর্তা, ইউএনও অফিস, সুন্দরগঞ্জ | " |

| | | |
|---|---|---|
| জাতীয় পতাকা উত্তোলন ও কুচকাওয়াজ উপ-কমিটি | ১. অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা<br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ<br>৩. উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ<br>৪.উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা ।<br>৫.অধ্যক্ষ, সুন্দরগঞ্জ ডি ডব্লিউ ডিগ্রী কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা<br>৬.অধ্যক্ষ, সুন্দরগঞ্জ মহিলা ডিগ্রী কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা<br>৭.প্রধান শিক্ষক, আ: মজিদ সরকারি বালক উঃ বিঃ<br>৮.প্রধান শিক্ষক, আমিনা সরকারি বালিকা উঃ বিঃ<br>৯.সম্পাদক, বাংলাদেশ স্কাউট, সুন্দরগঞ্জ | আহবায়ক<br>সদস্য<br>,,<br>,,<br>,,<br>,,<br>,,<br>,,<br>,, |
| বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা উপ-কমিটি | ১. উপজেলা প্রণিসম্পদ অফিসার, সুন্দরগঞ্জ<br>২. উপজেলা কৃষি অফিসার, সুন্দরগঞ্জ<br>৩.উপজেলা মৎস্য অফিসার, সুন্দরগঞ্জ<br>৪.উপজেলা প্রকৌশলী, সুন্দরগঞ্জ<br>৫. উপজেলা সমাজসেবা অফিসার, সুন্দরগঞ্জ<br>৬. উপজেলা যুব উন্নয়ন অফিসার, সুন্দরগঞ্জ<br>৭.উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, সুন্দরগঞ্জ<br>৮.উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সুন্দরগঞ্জ<br>৯.জনাব বীর মুক্তিযোদ্ধা, মোঃ এমদাদুল হক বাবলু, সুন্দরগঞ্জ<br>১০.জনাব বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম, সুন্দরগঞ্জ<br>১১. জনাব বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার মোঃ আবুল হোসেন, সুন্দরগঞ্জ<br>১২. সভাপতি বীরমুক্তিযোদ্ধা সন্তান কমান্ড, সুন্দরগঞ্জ<br>১৩.জনাব মোঃ শাহ সুলতান, অফিস সহকারী, ইউএনও অফিস<br>১৩.জনাব মো: আব্দুস সামাদ, উপ- সহকারী প্রশাসনিক কর্মকর্তা, ইউএনও অফিস | আহবায়ক<br>সদস্য<br>,,<br>,,<br>,,<br>,,<br>,,<br>,,<br>,,<br>,,<br>,,<br>,,<br>,, |
| ধারাভাষ্য উপ-কমিটি | ১.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২. জনাব জয়ন্ত কুমার সরকার, স্বদেশ সাংস্কৃতিক কেন্দ্র, সুন্দরগঞ্জ<br>৩. সাধারণ সম্পাদক, উপজেলা শিল্প কলা একাডেমি, সুন্দরগঞ্জ | আহবায়ক<br>সদস্য<br>,, |
| মাঠ সজ্জা উপ-কমিটি | ১. সহকারী কমিশনার (ভূমি), সুন্দরগঞ্জ<br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ<br>৩. একাডেমিক সুপারভাইজার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সুন্দরগঞ্জ<br>৪. উপজেলা যুব উন্নয়ন অফিসার, সুন্দরগঞ্জ<br>৫. উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অদিদপ্তর, সুন্দরগঞ্জ<br>৪. জনাব মোঃ আশিকুর রহমান, সহকারি উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ<br>৫. প্রধান শিক্ষক, সুন্দরগঞ্জ আঃ মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়<br>৬. প্রধান শিক্ষক, সুন্দরগঞ্জ আঃ মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয় | আহবায়ক<br>সদস্য<br>,,<br>,,<br>,,<br>,,<br>,, |
| খেলা-ধুলা বিষয়ক উপ-কমিটি | ১। উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সুন্দরগঞ্জ<br>২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুন্দরগঞ্জ<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সুন্দরগঞ্জ<br>৪। জনাব মোঃ জাহাঙ্গির আলম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ<br>৫। ম্যানেজার, সোনালী ব্যাংক, সুন্দরগঞ্জ শাখা<br>৬। সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া উন্নয়ন সংস্থা। | আহবায়ক<br>সদস্য<br>সদস্য<br>সদস্য<br>সদস্য<br>সদস্য |

**মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে গৃহীত কর্মসূচী বাস্তবায়নে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

ক) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উপলক্ষে সুন্দরগঞ্জ আব্দুল মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠ পরিস্কার পরিচ্ছন্ন করে ব্যবহার উপযোগি করাসহ পৌর শহরের রাস্তা পরিস্কার-পরিচ্ছন্ন ও শহরের সৌন্দর্য্য বর্ধন করার জন্য মেয়র সুন্দরগঞ্জ পৌরসভা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে দিনব্যাপী আয়োজিত সকল অনুষ্ঠানে উপজেলা সদরে অবস্থিত সরকারি/ বেসরকারি ও স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা/ কর্মচারীসহ সর্বস্তরের জনসাধারণকে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলে উদ্যোগ নিবেন।

গ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে দিনব্যাপী আয়োজিত সকল অনুষ্ঠান চলাকালীন আইন-শৃঙ্খলা

পরিস্থিতি স্বাভাবিক রাখতে অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঘ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচীর সাথে সঙ্গতি রেখে উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঙ) সরকারি কর্মসূচির সাথে সঙ্গতি রেখে উপজেলার সকল ইউনিয়ন পরিষদকে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

চ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে গৃহীত সকল অনুষ্ঠানে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস, সুন্দরগঞ্জকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ছ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে সুন্দরগঞ্জ আব্দুল মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যায়লয় মাঠ ও এর আশ-পাশ রাস্তা পানি ছিটিয়ে ধুলা নিবারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্টেশন ইন চার্জ, ফায়ার সার্ভিস ব্যবস্থা গ্রহণ করবেন।

জ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে ২৬ ও ২৭ মার্চ ২০২৪ তারিখ ২ দিন ব্যাপী সকল সরকারি দপ্তরে দপ্তর প্রধানের উদ্যোগে আলোক সজ্জা করতে হবে।

ঝ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার একটি মেডিকেল টিম গঠন করবেন ।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে স্বাধনীতার সুবর্ণজয়ন্তীতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে দিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানের প্রতিটি কর্মসূচিতে সকলকে অংশ গ্রহণের আমন্ত্রণ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

১৪/০৩/২৪

(মোঃ তরিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪
উদযাপন সংক্রান্ত প্রস্তুতি সভা

বিতরণ ও কার্যার্থেঃ

.........................
.........................
সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯, গাইবান্ধা- ১(সুন্দরগঞ্জ)।
০২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।